দৈনিক ইনকিলাব

২৮৭

তারিখ ... ... NOV. 1-2
পৃষ্ঠা ৭ কলাম ২

### কৃষি ভার্সিটির ১১৩ জন শিক্ষকের যুক্ত বিবৃতি

# পুলিশের গুলীর তাণ্ডবলীলা সরকারের ফ্যাসিবাদী চরিত্রেরই নগ্ন প্রকাশ

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ১১৩ জন শিক্ষক গতকাল (বৃহস্পতিবার) এক যুক্ত বিবৃতিতে বলেছেন, হরতালে বিরোধী দলের নিরস্ত্র শান্তিপূর্ণ মিছিলের উপর সরকারী মদদপুষ্ট পুলিশের গুলীবর্ষণ জালিয়ানওয়ালাবাগের নৃশংসতার ঘটনাকেই স্মরণ করিয়ে দেয়। জনগণের উপর পুলিশের গুলীবর্ষণের তাণ্ডবলীলা সরকারের ফ্যাসিবাদ চরিত্রেরই নগ্ন প্রকাশ। তারা পুলিশের নির্মম-বর্বর আচরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জ্ঞাপন করেন এবং নিরপেক্ষ তদন্তের মাধ্যমে দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করেন।

বিবৃতিতে শিক্ষকগণ বলেন, বিরোধী

৭-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## ১১৩ জন শিক্ষকের যুক্ত বিবৃতি

প্রথম পৃষ্ঠার পর

ঐক্যজোট ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের ছুটি বাতিলের প্রতিবাদে, সরকারের অবিলম্বে পদত্যাগের দাবীতে এবং একদলীয়ভাবে স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠানের অপচেষ্টার বিরুদ্ধে ৭ ও ৮ নভেম্বর দেশব্যাপী হরতাল আহবান করে। এই হরতালের সময় যাত্রাবাড়ীর নিরপরাধ গৃহবধূ রীনা আহমেদ, শ্যামপুরের বাবুল ও উলন রোডের শান্তু পুলিশ ও আওয়ামী সন্ত্রাসীদের গুলীবর্ষণে মৃত্যুবরণ করার প্রতিবাদে যাত্রাবাড়ী এলাকায় ৮ নভেম্বর একটি শোক মিছিলে পুলিশের নির্মম ও বেপরোয়া গুলীবর্ষণে ঢাকা মহানগর বিএনপি'র আহবায়ক ও সংসদ সদস্য সাবেক প্রতিমন্ত্রী সাদেক হোসেন খোকা, সংসদে বিরোধী দলীয় হুইপ জয়নাল আবেদিন ফারুক, সাবেক মন্ত্রী ও বিএনপি'র যুগ্ম মহাসচিব আবদুল্লাহ আল নোমান, ওয়ার্ড কমিশনার নবী উল্লাহ নবী, বিএনপি নেতা মোস্তাফিজুর রহমান, আবুল খায়ের ভুঁইয়া ও ফটো সাংবাদিক মাহে আলম জেমস গুলীবিদ্ধ হন। শিক্ষকগণ আহত নেতৃবৃন্দের আশু সুস্থতার জন্য দোয়া এবং হরতালে নিহত সকলের রুহের মাগফিরাত কামনা করেন।

বিবৃতিতে শিক্ষকগণ বলেন, সভা, সমাবেশ, মিছিল, হরতাল গণতান্ত্রিক অধিকার। পুলিশ ও আওয়ামী সন্ত্রাসীদের দিয়ে নির্মম, বর্বর দমন-পীড়নের সরকারী নীতি সুস্পষ্টভাবে প্রমাণ করে যে, দেশে গণতন্ত্র বলে কিছু নেই। সরকার শুধু মুখেই গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার বুলি আওড়ায়, বাস্তবে এর কোন প্রমাণ নেই। বর্তমান ঘটনাই তার জ্বলন্ত উদাহরণ। তাই গণবিচ্ছিন্ন ফ্যাসিবাদী এই সরকারের সকল ষড়যন্ত্র সম্মিলিতভাবে প্রতিহত করার জন্য শিক্ষকগণ সকল জাতীয়তাবাদী শক্তির ঐক্য ও দৃঢ় সংকল্প কামনা করেন।

বিবৃতিদাতারা হলেন, প্রফেসর ডঃ আবদুর রশিদ আহমেদ, প্রফেসর মোঃ বোরহান উদ্দীন, প্রফেসর মোঃ শাহজাহান, প্রফেসর মঈন উদ্দীন, প্রমুখ।

ND STATISTICS

SHEET ___ OF ___ SHEETS

3. SYSTEM